



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৭৪৬

তারিখঃ ১৩/০১/২০১৫ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫৩৫ তম কমিশন সভা অদ্য ১৩/০১/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. স্টক ব্রোকার/ডিলার Hillcity Securities Limited (CSE Mem. No. 037) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
 - ক) পরিচালক -কে মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;
 - খ) পরিচালকদের হিসাবে নেগেটিভ ব্যালেন্স থাকা সত্ত্বেও পরিচালকদের অর্থ উত্তোলনের সুযোগ দিয়ে Margin Rules, 1999 এর Section 3(9) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ লংঘন;
 - গ) জুন ৩০, ২০১২ এবং জুন ৩০, ২০১১ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী Consolidated Customer Account-এ পরিশোধযোগ্য ক্লায়েন্টদের পর্যাপ্ত তহবিল -এ যথাক্রমে ১.৪৫ কোটি ও ১.২৫ কোটি টাকা ঘাটতি (Deficiency) পরিলক্ষিত হওয়ার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) & (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ ও ৬ লংঘন;
 - ঘ) ০৪ (চার) টি Consolidated Customer Account পরিচালনার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) লংঘন; এবং
 - ঙ) স্বাক্ষরবিহীন ক্রয়/বিক্রয়াদেশ সংরক্ষণের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Section 4 (1) লংঘন।


উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Hillcity Securities Limited -কে ৭ (সাত) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২. স্টক ব্রোকার/ডিলার Meenhar Securities Limited (CSE Mem. No. 121003) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখিত হয় :

Consolidated Customer Account-এ পরিশোধযোগ্য ক্লায়েন্টদের পর্যাপ্ত তহবিল -এ ৬.৬৪ কোটি টাকা ঘাটতি (Deficiency) পরিলক্ষিত হওয়ার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর বিধি ১১ লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Meenhar Securities Limited -কে ৭ (সাত) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. এছাড়াও আজকের সভায় ইস্যুয়ার কোম্পানীসমূহের নীরিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য নীরিক্ষক প্যানেল প্রস্তুতের লক্ষ্যে কমিশন কর্তৃক আহ্বানকৃত Invitation for Expressions of Interest (EOI) এর মেয়াদ ১৫/০১/২০১৫ইং থেকে ৩১/০১/২০১৫ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।


26/02/2015

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র